

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কারা অধিদপ্তর

৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

[www.prison.gov.bd](http://www.prison.gov.bd)

পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০১৪.২০২০-২৩৫(১০৫)

তারিখ: ১১ চৈত্র ১৪২৬  
২৫ মার্চ ২০২০

বিষয় : কারাগারে করোনা ভাইরাস সংক্রমণ সংক্রান্ত দৈনিক সিচুয়েশন রিপোর্ট/পরিস্থিতি প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।


আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশে করোনা ভাইরাস সংক্রমিত রোগী শনাক্ত হওয়ার প্রেক্ষাপটে কারাগারগুলোতে বন্দিদের আক্রান্ত হওয়ার ব্যাপক ঝুঁকি রয়েছে। কারাগারের নিরাপত্তা ব্যবস্থা জোরদার করার জন্য বিভিন্ন নির্দেশনা দেয়া হয়েছে। ইতিমধ্যে সরকার কোভিড-১৯ রোগের সংক্রমণ প্রতিরোধ ও ব্যাপক বিস্তার রোধকল্পে সাধারণ ছুটি ঘোষণা করেছে। উদ্ভূত পরিস্থিতিতে পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত কারাগারের বন্দি, কর্মকর্তা/কর্মচারীদের স্বাস্থ্যগত অবস্থা এবং কারাগারের নিরাপত্তা ও স্থিতিশীলতা সংক্রান্ত হালনাগাদ তথ্য নিয়মিত অবহিত হওয়া প্রয়োজন।

এমতাবস্থায়, বর্ণিত হালনাগাদ তথ্যাদি আপনার অধীনস্থ কারাগার থেকে সংগ্রহপূর্বক নিম্নোক্ত ছক মোতাবেক প্রস্তুত করত: প্রতিদিন সকাল ৯:০০ ঘটিকায় এবং রাত্রি ৯:০০ ঘটিকায় নিয়মিতভাবে ই-মেইল (ig@prison.gov.bd, addl.ig@prison.gov.bd, dighq@prison.gov.bd, prison\_dte@yahoo.com এবং ocpiu.hq@gmail.com) যোগে কারা অধিদপ্তর, ঢাকায় প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

উল্লেখ্য, ই-মেইল এর সাবজেক্ট লাইন সিচুয়েশন রিপোর্ট/পরিস্থিতি প্রতিবেদন লিপিবদ্ধ করে এতৎসংক্রান্ত তথ্য ই-মেইল করতে হবে।

ক্রঃ নং	আহ্বায়িত তথ্য	প্রেরিত তথ্য	মন্তব্য
১	২	৩	৪
১.	করোনা ভাইরাস সংক্রমণ সন্দেহে কোয়ারেন্টাইনে থাকা কারা বন্দি, কারা কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা		করোনা ভাইরাস সংক্রমণ সন্দেহে কোয়ারেন্টাইনে থাকা কারা বন্দি, কারা কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা কারাগার ভিত্তিক প্রদর্শন করতে হবে।
২.	করোনা ভাইরাস সংক্রমিত কারা বন্দি, কারা কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা		করোনা ভাইরাস সংক্রমিত কারা বন্দি, কারা কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা কারাগার ভিত্তিক প্রদর্শন করতে হবে।
৩.	করোনা ভাইরাসে সংক্রমিত হয়ে মৃত্যুবরণকারী কারা বন্দি, কারা কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা		করোনা ভাইরাসে সংক্রমিত হয়ে মৃত্যুবরণকারী কারা বন্দি, কারা কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা কারাগার ভিত্তিক প্রদর্শন করতে হবে।
৪.	করোনা ভাইরাসে সংক্রমিত হওয়ার পর চিকিৎসা গ্রহণান্তে সুস্থ হওয়া কারা বন্দি, কারা কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা		করোনা ভাইরাসে সংক্রমিত হওয়ার পর চিকিৎসা গ্রহণান্তে সুস্থ হওয়া কারা বন্দি, কারা কর্মকর্তা ও কর্মচারীর সংখ্যা কারাগার ভিত্তিক প্রদর্শন করতে হবে।

ক্রঃ নং	আহ্বায়িত তথ্য	প্রেরিত তথ্য	মন্তব্য
১	২	৩	৪
৫.	বন্দিদের অস্থিরতা ও কারাগারের স্থিতিশীলতার হুমকি রয়েছে কিনা (হ্যাঁ অথবা না)		বন্দিদের অস্থিরতা ও কারাগারের স্থিতিশীলতার হুমকি থাকলে কারাগার ভিত্তিক বিস্তারিত প্রতিবেদন দাখিল করতে হবে



এ কে এম মোস্তফা কামাল পাশা  
ব্রিগেডিয়ার জেনারেল  
কারা মহাপরিদর্শক  
ফোনঃ ৫৭৩০০৪৪৪ (দপ্তর)  
ig@prison.gov.bd

কারা উপ-মহাপরিদর্শক  
সকল বিভাগ।

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে:

১. সিনিয়র কারা তত্ত্বাবধায়ক/কারা তত্ত্বাবধায়ক সকল কেন্দ্রীয়/জেলা কারাগার; (ই-মেইল যোগে) উপরোল্লিখিত তথ্যাদি স্ব:স্ব: বিভাগীয় কারা উপ-মহাপরিদর্শকের দপ্তরে নিয়মিতভাবে যথাসময়ে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।
২. সহকারী কারা মহাপরিদর্শক (সকল) কারাঅধিদপ্তর, ঢাকা;
৩. পরিচালক ইনচার্জ, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারাঅধিদপ্তর, ঢাকা;
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন্স ইন্টেলিজেন্স ইউনিট, কারাঅধিদপ্তর, ঢাকা;
৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা; (বিবেচ্য পত্রটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
৬. প্রশাসনিক কর্মকর্তা-১/২ /বাজেট অফিসার/স্টাফ অফিসার/পরিসংখ্যানবিদ কারা অধিদপ্তর, ঢাকা;
৭. শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা;
৮. কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ-মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য; এবং
৯. গার্ড ফাইল।